**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 25-09-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling : SDG / DSS**

**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, একদিনের সফরে আজ রাতে কলকাতায় আসছেন। আগামীকাল তাঁর কলকাতায় পুজো উদ্বোধনের কর্মসূচী রয়েছে।

# দুর্গা পুজোর দিনগুলিতে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেল শিয়ালদা ডিভিশনে ৩১ টি পুজো স্পেশাল ট্রেন চালাবে।

২/ আধার কর্তৃপক্ষ সারা দেশে এক কোটি ৪ লক্ষেরও বেশি মৃত ব্যক্তির আধার নম্বর নিষ্ক্রিয় করেছে।

৩/ কলকাতায় সাম্প্রতিক বর্ষণজনিত পরিস্থিতিকে প্রাকৃতিক বিপর্যয় নয়, প্রশাসনিক বিপর্যয় হিসেবে অভিহিত করেছেন, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

৪/ সম্প্রতি বৃষ্টির জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় রাজ্য ক্ষতিপূরণের ব্যাপারে কি ভাবছে, তা’ জানানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

# CESC, মৃতদের পরিবার পিছু, ৫’লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছে।

৫/ উত্তর পশ্চিম ও সংলগ্ন পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তটি আজ রাতের মধ্যে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা।

*******************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, একদিনের সফরে আজ রাতে কলকাতায় আসছেন। আগামীকাল তাঁর কলকাতায় পুজো উদ্বোধনের কর্মসূচী রয়েছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, স্বরাষ্ট্রমন্ত্রী একটি বেসরকারি হোটেলে রাত্রিবাস করবেন। আগামীকাল সকালে তিনি উত্তর কলকাতায় সন্তোষ মিত্র স্কোয়ার এবং তারপর দক্ষিণ কলকাতায় লেক অ্যাভেনিউ-এর একটি পুজোর উদ্বোধন করবেন। মধ্যাহ্নভোজের পর তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা। সল্টলেকের EZCC-র পুজো উদ্বোধনের কথা থাকলেও, সময়ভাবে স্বরাষ্ট্রমন্ত্রী সেখানে যেতে পারছেন না বলে সুকান্তবাবু জানান।

( বাইট- সুকান্ত )

*******************

উৎসবের মরশুমে রাজ্য সরকার, প্রতিটি প্রান্তে টানা নজরদারি চালাচ্ছে । পুজোর দিনগুলিতে নবান্নে কন্ট্রোলরুমেও থাকবে পূর্ণ তৎপরতা।

বিপর্যয় মোকাবিলা দফতরের নির্দেশে সচিব পদমর্যাদার এক আধিকারিকের নেতৃত্বে মনিটরিং টিম প্রতিদিন বিকেল তিনটে থেকে রাত আটটা পর্যন্ত দুই শিফটে কাজ করছে। আবহাওয়া পর্যবেক্ষণ থেকে আইনশৃঙ্খলা—সব ক্ষেত্রেই ২৪ ঘণ্টা নজরদারি চালানো হচ্ছে। মনিটরিং টিমের রিপোর্ট সরাসরি যাচ্ছে দফতরের প্রধান সচিব, মুখ্যসচিব এবং সংশ্লিষ্ট পুরসভা ও পুলিশের কাছে।

সামগ্রিকভাবে গোটা ব্যবস্থার দায়িত্বে রয়েছেন মুখ্যমন্ত্রী ও মুখ্যসচিব। পুজোর সময়ে যাতে সাধারণ মানুষ কোনও অসুবিধায় না পড়েন, তার জন্য নজরদারি জোরদার থাকবে।বিপর্যয় মোকাবিলা দফতরের আধিকারিকরা জানিয়েছেন, সংকট আপাতত কাটলেও কন্ট্রোলরুম ছট পুজো পর্যন্ত সক্রিয় থাকবে। অন্য দফতরে ছুটির আবহ থাকলেও এখানে পূর্ণ কর্মতৎপরতা বজায় রাখা হবে।

*******************

দুর্গাপুজো উপলক্ষে নিরাপত্তা ও দর্শনার্থীদের সুবিধার্থে কলকাতা পুলিশ আজ থেকেই শহরে ট্রাফিক নিয়ন্ত্রণ শুরু করেছে। অত্যাবশ্যক পণ্য ছাড়া নবমী পর্যন্ত অন্য পণ্যবাহী যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এই দিনগুলিতে সকাল ৬ টা থেকে ভোর ৪ টে পর্যন্ত শহরে ভারী পণ্যবাহী যান চলাচল সম্পূর্ন বন্ধ থাকবে। তবে দুপুর বারোটা থেকে তিনটে পর্যন্ত হালকা পন্যবাহী যান চলাচলের ক্ষেত্রে ছাড় দেওয়া হবে।

*******************

দুর্গা পুজোর দিনগুলিতে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেল **শিয়ালদা ডিভিশনে ৩১** টি পুজো স্পেশাল ট্রেন চালাবে। শনিবার ২৭শে সেপ্টেম্বর রাত থেকে বুধবার পয়লা অক্টোবর মহানবমীর রাত পর্যন্ত এই বিশেষ ট্রেন চালানো হবে। শিয়ালদার DRM রাজীব সাক্সেনা আজ এক সাংবাদিক বৈঠকে একথা ঘোষণা করেন। শিয়ালদা মেন ও উত্তর শাখায় ১৯ টি এবং দক্ষিণ শাখায় ১২ টি বিশেষ ট্রেন চালানো হবে।

শিয়ালদা-রানাঘাট-নৈহাটি শাখায় রাত ৯ টা ৪০ মিনিট থেকে ভোর রাত ৩ টে ১০ মিনিট পর্যন্ত ৬ টি স্পেশাল ট্রেন চলবে। শিয়ালদা ও কল্যাণীর মধ্যে রাত ৯ টা ১০ মিনিট থেকে দুটো ৫৫ মিনিট পর্যন্ত চারটি এবং বনগাঁ-বারাসাত-শিয়ালদা রুটে রাত ১০ টা ২০ মিনিট থেকে ভোর সাড়ে চারটের মধ্যে চারটি ট্রেন চালানো হবে।
অন্যদিকে, শিয়ালদা দক্ষিণ শাখায় রাত ১১ টা ৪০ মিনিট থেকে ভোর সাড়ে চারটে পর্যন্ত শিয়ালদা থেকে বারুইপুর ২ টি এবং বালিগঞ্জ থেকে বারুইপুর চারটি ট্রেন চালানো হবে।

*******************

পুজোর সময় পুলিশ ডিউটির জন্য রাস্তা থেকে গাড়ির হুকুম দখল এড়াতে কলকাতা ও শহরতলীর বেশ কিছু রুটের বাস মিনিবাস চলাচল বন্ধ রয়েছে। West Bengal Bus Minibus Owners' Association-এর সাধারণ সম্পাদক প্রদীপ নারায়ন বসু জানিয়েছেন, এধরণের ডিউটির জন্য বাসের ক্ষেত্রে ৯০০ টাকা, মিনি বাসে ৮০০ টাকা এবং শ্রমিকদের খোরাকি ৪০ টাকা দেওয়া হয়। এইরকম ডিউটি কেউ করতে না চাওয়ায় শ্রমিক-মালিক একযোগে গাড়ি চলাচল বন্ধ করে দিয়েছে।

*******************

ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া- ইউআইডিএআই  সারা দেশে এক কোটি ৪ লক্ষেরও বেশি মৃত ব্যক্তির আধার নম্বর নিষ্ক্রিয় করেছে। আধার পরিষেবাকে সম্পূর্ণ ত্রুটি মুক্ত করতে গত বছর থেকে শুরু হওয়া কেন্দ্রীয় সরকারের  অভিযানের অংশ হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।  কল্যাণমূলক প্রকল্পগুলির সুবিধা যেন কেবল জীবিত ও যোগ্য ব্যক্তিদের কাছেই পৌঁছায় এবং মৃতদের নামে ভুয়ো দাবির সুযোগ না থাকে সেকারণেই এই উদ্যোগ। উআইডিএআইয়ের সিইও ভুবনেশ কুমার জানিয়েছেন, ত ব্যক্তিদের আধার নম্বর নিষ্ক্রিয় করায়  সরকারি কল্যাণ প্রকল্পের বিশ্বাসযোগ্যতা বজায় থাকবে।

*******************

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ  - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার **প্রতিরক্ষা রপ্তানি** বৃদ্ধি করেছে এবং কৌশলগত অধিগ্রহণকে শক্তিশালী করেছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল অভিরূপ )

*******************

‘স্বচ্ছতা হি সেবা’ অভিযান -এর অঙ্গ হিসেবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া আজ স্বচ্ছতা কর্মসূচি পালন করে। সংস্থার পূর্বাঞ্চলীয় সদর দপ্তর সল্টলেকে আজ জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অতিরিক্ত মহা নির্দেশক বর্ষা অশোক আগলাওয়ের নেতৃত্বে প্রায় ২০০ জন, এক ঘন্টার শ্রমদান কর্মসূচিতে অংশ নেন। এই কর্মসূচির অধীনে সংস্থার পশ্চিমবঙ্গ ও আন্দামান ইউনিটের কর্মকর্তা ও কর্মীরা, সাফাই কর্মীদের সঙ্গে যৌথভাবে সল্টলেকের সি কে মার্কেট ও আশেপাশের এলাকায় রাস্তা পরিষ্কার করেন। পরিছন্নতা অভিযানের পাশাপাশি সাফাই মিত্র সুরক্ষা শিবিরেরও আয়োজন করা হয়। সেখানে সাফাই কর্মীদের সুরক্ষা, স্বাস্থ্য ও কল্যাণের ওপর জোর দেওয়া হয়।

*******************

কলকাতায় সাম্প্রতিক বর্ষণজনিত পরিস্থিতিকে প্রাকৃতিক বিপর্যয় নয়, প্রশাসনিক বিপর্যয় হিসেবে অভিহিত করেছেন, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

বর্ধমানের দলীয় কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, কলকাতায় জমা জলে যে মৃত্যু হয়েছে, তার জন্য দায়ী রাজ্য সরকার'ই। নিকাশি ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, টাই এতোবড় দুর্ঘটনা বলেও তাঁর অভিযোগ।

( বাইট- শমীক )

এদিকে, প্রবীন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, অতিবৃষ্টি হলে জল জমতেই পারে। কিন্তু এভাবে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এতজনের মৃত্যুর ঘটনা প্রশাসনের ব্যররথতাকেই চিহ্নিত করে। পুজোর মুখে জমা জল ও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় INTUC সেবাদল আজ কাঁসর ঘন্টা বাজিয়ে পুরভবনের সামনে বিক্ষোভ দেখায়।

*******************

কলকাতায় সাম্প্রতিক অতি বৃষ্টিতে এতো জনের প্রাণহানির ঘটনায় সি ই এস সি , মৃতদের পরিবার পিছু ৫ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দানের কথা ঘোষণা করেছে। সংস্থার এক্সেকিউটিভ ডিরেক্টর,অভিজিৎ ঘোষ,আজ এ কথা জানিয়ে বলেন, মানবিক কারণেই তাঁদের এই সিদ্ধান্ত ।

*******************

কলকাতায় বৃষ্টির জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় রাজ্য ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে কি ভাবনাচিন্তা করছে, তা' জানানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি সৌমেন সেন ও অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চ আজ এই নির্দেশ দেওয়ার পাশাপাশি কলকাতা পুরসভাকেও তা' ৯ নভেম্বরের মধ্যে জানাতে বলেছে।

*******************

কলকাতায় অস্বাভাবিক বর্ষণের ফলে কলেজ স্ট্রিট বই পাড়াতেও ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। বিশেষ করে ছোট ব্যবসায়ীরা এই বর্ষণের ফলে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানা গেছে। বহু ব্যবসায়ীর গোডাউন, প্রেস এবং বই বাঁধাই-এর

কারখানায় জল ঢুকে পড়ায় বইপত্র, কাগজ এবং অন্যান্য সরঞ্জাম ভিজে গেছে ও নষ্ট হয়ে গেছে। এরই মধ্যে বইপ্রেমী সাধারণ মানুষ, কলেজ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া ও কিছু অসরকারি সংগঠন অর্থ সাহায্যের জন্য সোশ্যাল মিডিয়ায় আহ্বান জানিয়েছে। তবে, প্রাতিষ্ঠানিকভাবে ব্যবসায়ীদের ক্ষয়ক্ষতি পূরণের জন্য এখন'ও কোন ব্যবস্থা হয়নি বলে ক্ষুদ্র ব্যবসায়ীরা জানিয়েছেন। বই পাড়ায় প্রকাশক ও বই বিক্রেতাদের সংগঠন অবশ্য এবিষয়ে চিন্তাভাবনা করছেন বলে জানা গেছে।

*******************

উত্তর পশ্চিম ও সংলগ্ন পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তটি আজ রাতের মধ্যে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এটি আরও ঘনীভূত হয়ে ক্রমশ পশ্চিম দিকে অগ্রসর হয়ে দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্র উপকুলের ওপর অবস্থান করবে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। এর ফলে আগামী ৭ দিন দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টিও হতে পারে।

*****************************************************************